গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
এপিএ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২০২১(অংশ-১)-৭৩

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর, ২০২১

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | সাবিনা ইয়াসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) |
| সভার তারিখ ও সময় | : | ১৩/০৯/২০২১ তারিখ, বিকাল ০৩:০০টা |
| স্থান | : | সভাকক্ষ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

উপস্থিত কর্মকর্তার তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর এপিএ সমন্বয়ক উপসচিব, মো: আবদুছ সালাম ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র নতুন কাঠামো সকলের নিকট তুলে ধরেন। এপিএ নতুন কাঠামো অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যে ৭০ নম্বর এবং তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেন চার্টার, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এ সকল বিষয়ে ৩০ নম্বর বরাদ্দ রাখা হয়েছে। তাই বিগত অর্থবছরের এপিএ বাস্তবায়নের সাথে বর্তমান বছরের এপিএ বাস্তবায়নে কিছুটা পার্থক্য রয়েছে। এপিএ'তে শতভাগ অর্জন নিশ্চিত করতে হলে কৌশলগত উদ্দেশ্যের পাশাপাশি উক্ত বিষয়গুলোর প্রতি বিশেষ নজর দেয়া প্রয়োজন বলে তিনি সভায় অবহিত করেন।

পরবর্তীতে তিনি ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র জুলাই ও আগস্ট মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তুলে ধরেন। পাশাপশি যে সকল সূচকের অর্জন এখনো আশানুরোপ হয়নি বা কার্যক্রম শুরু করা হয়নি তা বাস্তবায়নের ব্যাপারে সকলকে কাজ করার আহবান জানান।

আগামী ২০২১-২০২২ অর্থবছরের এপিএ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা থাকলে তা মন্ত্রণালয়ের এপিএ টিমকে অবহিত করার পরামর্শ প্রদান করেন। আগামী বছরে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ মূল্যায়নে ১ থেকে ৫ম স্থানের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগ থাকতে পারে সে লক্ষ্যে আগামীতে কাজ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

**সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | [১.১.১] উপজেলা হাসপাতালে চক্ষু চিকিৎসা সেবা সম্প্রসারণ বিষয়ে আলেচনা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন কার্যক্রম চলমান শীঘ্রই বাস্তবায়ন শুরু হবে। | দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন শুরু করতে হবে এবং নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের সচেষ্ট থাকতে হবে। | প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ ও ন্যাশননাল আই কেয়ার, dghs |
| ২. | [১.২.১] লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজিত বিষয়ে আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট বলেন কার্যক্রম চলমান। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে | প্রশাসন ২/৪, এইচআরএম/এপিএ সমন্বয়ক |
| ৩. | [১.৪.১] গবেষণা কার্যক্রম সম্পাদিত বিষয়ে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন কার্যক্রম চলমান। বিষয় নির্ধারণ করা হয়েছে। | যে বিষয়ের উপর গবেষণা নির্ধারণ করা হয়েছে তার তালিকা স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | HEU & DGHS |
| ৪. | [১.৪.২] হাসপাতাল পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। কার্যক্রম চলমান রয়েছে এবং তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণ করতে হবে। | প্রতিমাসে কমপক্ষে ১০টি করে পরিদর্শন সম্পন্ন করে পরিদর্শন প্রতিবেদন মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান শাখায় প্রেরণ করতে হবে। | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান, HSM, DGHS |
| ৫. | [১.৫.১] ঔষধ আইন, ২০২০ নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পুন:প্রেরিত বিষয়ে আলোচনায় জানানো হয় কার্যক্রম চলমান রয়েছে। | নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | dgda, ঔষধ প্রশাসন-১/২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৬. | [১.৫.২] নার্সদের খসড়া কর্মপরিধি চূড়ান্তকৃত বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারির প্রতিনিধি বলেন কার্যক্রম চলমান রয়েছে। যথা সময়ে হয়ে যাবে। | নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | dgnm, নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৭. | [১.৬.১] মিডওয়াইফ দ্বারা পরিচালিত ইউনিট বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারির প্রতিনিধি বলেন কার্যক্রম চলমান রয়েছে। বাস্তবায়ন হয়ে যাবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | নার্সিং সেবা-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ dgnm |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮. | [১.৭.২] ই-পিআই কার্যক্রম মনিটরিং বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান ১৫টি মনিটরিং সম্পন্ন হয়েছে। বাকীগুলো সম্পন্ন হয়ে যাবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান, স্বাস্থ্য সেবা বিভাগ, DGHS |
| ৯. | [২.১.১] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী সার্জন হতে তদুর্ধ্ব (সহকারী পরিচালক/সিভিল সার্জন, উপ পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডে) পদোন্নতি, [২.১.২] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জুনিয়র কনসালটেন্ট ও সিনিয়র কনসালটেন্টদের পদোন্নতি, [২.১.৩] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি, [২.১.৪] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গ্রেড ৩ ভুক্ত অধ্যাপক ও পরিচালক পদে পদোন্নতি বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত তারিখের মধ্যে সব শূণ্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। শূন্য পদের বিপরীতে পদোন্নতি প্রদান করতে হবে। ৩০মে পর্যন্ত শূণ্য পদ ধরে প্রমাণক দাখিল করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১০. | [২.১.৫] সিনিয়র স্টাফ নার্স/নার্সগণের শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষণ ও পদায়ন বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারির প্রতিনিধি বলেন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ শেষ হলে আগামী মাসে পদায়ন করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ dgnm |
| ১১. | [২.২.১] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি বলেন গত জুন পর্যন্ত ৩৮১টি বাস্তবায়ন হয়েছে। এখন পর্যন্ত ৩৮২টি বাস্তবায়ন হয়েছে। | বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। প্রমাণক দাখিল করতে হবে। | নির্মাণ অধিশাখা, hed, CBHC, DGHS |
| ১২. | [২.২.২] বিভিন্ন হাসপাতালে হাই ফ্লো ন্যাজাল ক্যানোলা সরবরাহ ও চালুকৃত বিষয়ে নিমিউ এন্ড টিসির প্রতিনিধি বলেন ৫টি বাস্তবায়ন হয়েছে। বাকী গুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হয়ে যাবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | নির্মাণ/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, HED, NEMEMW & TC |
| ১৩. | [২.২.৩] কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও আধুনিকীকরণ, [২.২.৪] ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ ও আধুনিকীকরণ বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি বলেন ১৩টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও ৪টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাকী গুলো সম্পন্ন হয়ে যাবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | নির্মাণ অধিশাখা, hed, CBHC, DGHS |
| ১৪. | [২.২.৫] হাসপাতালের সকল প্রকার ক্রয় কার্যে স্বচ্ছতা আনয়নের জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে ক্রয় (ই-জিপি) চালুকৃত বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন কার্যক্রম চলমান রয়েছে। | কোন্ কোন্ হাসপাতালকে ই-জিপির আওতায় আনা হবে তার একটি তালিকা এবং প্লান তৈরি করে স্বাস্থ্য সেবা বিভাগকে প্রেরণ করতে হবে।<br>ই-জিপি চালু করার বিষয়ে ক্রয় ও সংগ্রহ শাখাকে পত্র প্রেরণ করতে হবে। | DGHS ও এপিএ টিম স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৫. | [২.২.৬] নির্মিত কমিউনিটি ক্লিনিক, নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কার্যক্রম মনিটরিং বিষয়ে আলোচনা হয়। | উন্নয়ন অনুবিভাগ হতে নির্ধারিত চেক লিস্ট অনুযায়ী পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। কার্যক্রম জোরদার করণের জন্য উন্নয়ন অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, hed |
| ১৬. | [২.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন–এ খাওয়ানোর হার বিষয়ে আলোচনা হয়। আগামী অক্টোবর ২০২১ মাসে প্রথম রাউন্ড শুরু হবে। | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে জোর দিতে হবে। | জনস্বাস্থ্য-২, স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় পুষ্টি প্রতিষ্ঠান |
| ১৭. | [৩.১.১] মেডিকেল কলেজ হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপিত, [৩.১.২] বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল ও কিডনী বিভাগ নির্মাণকৃত, [৩.১.৩] জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICUস্থাপনকৃত বিষয়ে আলোচনা হয়। | যতটুকু বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। | সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, DGHS, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, পরিকল্পনা অনুবিভাগ,<br>প্রবা-১/২, PWD |
| ১৮. | [৩.১.৪] স্টাব্লিশমেন্ট অব বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিট এট ফাইভ মেডিকেল কলেজ হাসপাতাল (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী, ফরিদপুর) স্থাপন প্রকল্প একনেকে প্রেরিত বিষয়ে আলোচনা হয়। | যতটুকু বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-১/২, স্বাস্থ্য সেবা বভাগ |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৯. | [৩.১.৫] সরকারি হাসপাতালভিত্তিক মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প একনেকে প্রেরিত বিষয়ে আলোচনা হয়। | যতটুকু বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-১/২, স্বাস্থ্য সেবা বভাগ |
| ২০. | [৩.১.৬] পাবনা মানসিক হাসপাতালকে আধুনিকায়ন এবং বিভাগীয় মেডিকেল কলেজের মানসিক রোগ ইউনিট শক্তিশালীকরণ প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পাদিত বিষয়ে আলোচনা হয়। কর্যাদেশ প্রদান করা হয়েছে। | যতটুকু বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-১/২, স্বাস্থ্য সেবা বভাগ |
| ২১. | [৩.১.৭] জেলা সদর হাসপাতালে মাল্টিপারপাল ভবন নির্মাণ প্রকল্প একনেকে প্রেরিত বিষয়ে আলোচনা হয়। | যতটুকু বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-১/২, স্বাস্থ্য সেবা বভাগ |
| ২২. | [৪.১.১] ম্যালেরিয়া রোগ পরীক্ষার জন্য আগত রোগীর সংখ্যা বিষয়ে আলোচনা হয়। সূচকটির লক্ষ্যমাত্রা কমানো প্রয়োজন। সংশোধন প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সংশোধন প্রস্তাব আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | CDC, dghs |
| ২৩. | [৪.১.২] ম্যালেরিয়া রোগের সচেতনতার জন্য বিসিসি ম্যাটেরিয়াল বিতরণকৃত বিষয়ে আলোচনা হয়। আগামী অক্টোবর ২০২১ মাস থেকে বিতরণ করা হবে। | অক্টোবর ২০২১ মাস থেকে বিতরণ কার্যক্রম শুরু করতে হবে। | CDC, dghs |
| ২৪. | [৪.২.১] এইচআইভি সনাক্তকরণে সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যক্তির সংখ্যা এবং [৪.২.২] যক্ষা রোগী নিরাময়ের হার (সকল কেস) বিষয়ে আলোচনা হয়। | অক্টোবর ২০২১ মাসে রিপোর্ট দাখিল করতে হবে। | NASP, dghs |
| ২৫. | [৪.৩.১] কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানকৃত বিষয়ে আলোচনা হয়। সূচকটির লক্ষ্যমাত্রা বাড়ানো প্রয়োজন। সংশোধন প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সংশোধন প্রস্তাব আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | dghs/hsd |
| ২৬. | [৪.৩.২] জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনকৃত বিষয়ে বলা হয় কার্যক্রম চলমান রয়েছে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যতটুকু কার্যক্রম বাস্তবায়ন হয়েছে তার প্রোগ্রেস প্রতিবেদন দাখিল করতে হবে। | সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, DGHS |
| ২৭. | [৫.১.২] জিএমপি মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা আলোচনা হয়। ৬২৫টি পরীক্ষা সম্পন্ন হয়েছে। বাকীগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | dgda |
| ২৮. | [৫.১.৪] ইডিসিএল এর মান নিশ্চিতকরণ বিভাগ (QA) কর্তৃক কাঁচামাল এবং ফিনিস প্রোডাক্টের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম পরিদর্শনকৃত বিষয়ে আলোচনা হয়। | সুনির্দিষ্ট পরিকল্পনা করে মনিটরিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। স্বাস্থ্য সেবা বিভাগ থেকে ১০জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করে সংরক্ষণ করতে হবে। | HSD, EDCL |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

স্বাক্ষরিত
তারিখ: ২৩/০৯/২০২১
(সাবিনা ইয়াসমিন)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম লিডার

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২০২১(অংশ-১)-৭৩

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর, ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. যুগ্মসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা/পরিকল্পনা/বাজেট ১ ও ২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. পরিচালক, পরিকল্পনা ও গবেষনা ও এপিএ কো-অর্ডিনেটর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. উপসচিব, (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৪/প্রবা-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬. জনাব মো: আব্দুল হামিদ, তত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) ও এপিএ ফোকাল পয়েন্ট, এইচইডি, মতিঝিল, ঢাকা।
৭. বেগম ফাতেমা জোহরা, উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, ঢাকা।
৮. জনাব আশরাফ হোসেন, উপ-পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. ডাঃ আরাফাতুর রহমান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (প্ল্যানিং) ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. জনাব মো: আলী মোকাররম, জেনারেল ম্যানেজার, অডিট ও এপিএ ফোকাল পয়েন্ট, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
১১. ডাঃ ফারিয়া আহমেদ, মেডিকেল অফিসার (প্ল্যানিং ও রিসার্চ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. জনাব মো: সাইফউদ্দিন আকন্দ, ওয়ার্কশপ ম্যানেজার ও এপিএ ফোকাল পয়েন্ট, টেমো, মহাখালী, ঢাকা।
১৩. জনাব এম এন নাসিদ রহমান, সহকারী প্রকৌশলী ও এপিএ ফোকাল পয়েন্ট, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৪. বেগম লেজিনা মোনা সুমি, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. জনাব মো: রফিকুল ইসলাম, সহকারী সচিব, সিবিএমই শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার ও এপিএ ফোকাল পয়েন্ট, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭. হুমায়রা আফরোজ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৩.০৯.২০২১

(মো: আবদুছ সালাম)
উপসচিব
ফোন: ৯৫৪০৭২১
apahsd19@gmail.com